বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

## ৩১০-তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত

সভার তারিখ: ০৩.০৬.২০১৯

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

আলোচ্যসূচি-৬: বিসিএসআইআর- এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের গবেষণা তত্ত্বাবধায়ক (Research guide) হিসেবে তত্ত্বাবধান নীতিমালা-২০১৯ অনুমোদন।

সিদ্ধান্ত-৬: বিসিএসআইআর-এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের গবেষণা তত্ত্বাবধায়ক (Research guide) হিসেবে তত্ত্বাবধান নীতিমালা -২০১৯ অনুমোদন অনুমোদন করা হল।

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

২৬-০৬-১৯

বেনজীর আহাম্মেদ
উপ সচিব
বিসিএসআইআর, ঢাকা।

## বিসিএসআইআর-এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের গবেষণা তত্ত্বাবধায়ক (Research guide) হিসেবে তত্ত্বাবধান নীতিমালা-২০১৯।

দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের M.Sc, M.S, M.phil এবং Ph.D পর্যায়ের শিক্ষার্থীদেরকে পরিষদের বিভিন্ন গবেষণাগার/ইনস্টিটিউট/সেন্টারে গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদানের লক্ষ্যে বিসিএসআইআর-এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদগণ Co-guide হিসেবে কাজ করার নীতিমালা-২০০৯ প্রণয়ন করা হয়। বর্তমান সময়ের প্রয়োজনে ২০০৯ সালের নীতিমালা সংশোধন করে বিসিএসআইআর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের গবেষণা তত্ত্বাবধায়ক (Research Supervisor) হিসেবে তত্ত্বাবধান নীতিমালা-২০১৯ প্রণয়ন করা হলো।

### ১। সংক্ষিপ্ত শিরোনামঃ

(ক) এই নীতিমালা বিসিএসআইআর-এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের গবেষণা তত্ত্বাবধায়ক (Research Supervisor) হিসেবে তত্ত্বাবধান নীতিমালা-২০১৯ নামে অভিহিত হবে।

(খ) এই নীতিমালা বিসিএসআইআর-এর চেয়ারম্যান/বোর্ড কর্তৃক অনুমোদিত হওয়ার পর কার্যকর হবে।

### ২। সংজ্ঞাঃ এই নীতিমালায় যা বুঝায় -

(ক) চেয়ারম্যান বলতে বিসিএসআইআর-এর চেয়ারম্যান।

(খ) পরিষদ বলতে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

(গ) গবেষণাগার বলতে বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম।

(ঘ) ইনস্টিটিউট বলতে বিসিএসআইআর এর খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট, জ্বালানী গবেষণা ও উন্নয়ন ইনস্টিটিউট, কাচ ও সিরামিক গবেষণা ইনস্টিটিউট, চামড়া গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব মাইনিং, মিনারোলজি এন্ড মেটালার্জি, জয়পুরহাট, ডেজিগনেটেড রেফারেন্স ইন্সটিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্ট এবং ইনস্টিটিউট অব ন্যাশনাল এনালাইটিক্যাল রিসার্চ এন্ড সার্ভিস।

(ঙ) সেন্টার বলতে পাইলট প্লান্ট এবং প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার।

(চ) বিজ্ঞানী/প্রযুক্তিবিদ বলতে পরিষদের অধীনে বিভিন্ন গবেষণাগার/ইনস্টিটিউট/সেন্টারে কর্মরত পরিচালক, সিএসও/এসপিই, পিএসও/পিই, এসএসও/এসই, এসও/ইঞ্জিনিয়ার বুঝায়।

(ছ) বিশ্ববিদ্যালয় বলতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বাংলাদেশের সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়।

(জ) পরিচালক বলতে বিসিএসআইআর এর গবেষণাগার/ইনস্টিটিউট/সেন্টার সমূহের পরিচালক।

(ঝ) গবেষণা তত্ত্বাবধায়ক (Research Supervisor) বলতে প্রধান তত্ত্বাবধায়ক (Principal Supervisor)/সহ তত্ত্বাবধায়ক (Co-Supervisor)/যুগ্ম তত্ত্বাবধায়ক (Joint Supervisor) বুঝায়।

### ৩। গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে তত্ত্বাবধান নীতিমালা:

৩.১। সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিজ্ঞানী/প্রযুক্তিবিদগণ M.Sc/MS গবেষণার তত্ত্বাবধায়ক হতে পারবেন।

৩.২। M.Phil/Ph.D গবেষণার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিসহ ০৮ বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিজ্ঞানী/প্রযুক্তিবিদগণ গবেষণা তত্ত্বাবধায়ক হতে পারবেন।

৩.৩। একজন বিজ্ঞানী/প্রযুক্তিবিদ প্রতিবছরে সর্ব্বোচ্চ ৬ জন শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধান করতে পারবেন।

৩.৪। বিজ্ঞানী/প্রযুক্তিবিদগণ তাদের বিভাগে চলমান R&D গবেষণা প্রকল্পে শিক্ষার্থীদের গবেষণা করার জন্য উৎসাহিত করবেন। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তত্ত্বাবধায়কগণ R&D বহির্ভূত থিসিস তত্ত্বাবধান করতে পারবেন তবে বিষয়টি অবশ্যই বিসিএসআইআর-এর লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং তত্ত্বাবধায়কের গবেষণা সংশ্লিষ্ট হতে হবে।

৪। **বিসিএসআইআর গবেষণাগারের বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের অধীনে গবেষণা করার জন্য আবেদনের শর্তসমূহঃ**

৪.১। পরিষদের অধীনে বিভিন্ন গবেষণাগার/ইনস্টিটিউট/সেন্টারে গবেষণার জন্য কর্মরত বিজ্ঞানী/ প্রযুক্তিবিদগণকে গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল/বিভাগীয় প্রধান কর্তৃক স্বীকৃত হতে হবে।

৪.২। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অথবা সংশ্লিষ্ট বিভাগের প্রধান বিসিএসআইআর-এর চেয়ারম্যান বরাবর আবেদন করবেন।

৪.৩। সকল আবেদন গবেষণা সমন্বয়কারীর দপ্তরে জমা হবে এবং একটি কমিটির মাধ্যমে আবেদনসমূহ যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট পরিচালকের দপ্তরে প্রেরণ করা হবে।

৪.৪। সংশ্লিষ্ট পরিচালকের দপ্তরে গবেষণা ইচ্ছুক শিক্ষার্থীগণ তাদের জীবনবৃত্তান্ত (Bio-data), গবেষণা প্রকল্পের (Research Project) সার সংক্ষেপ (Synopsis) এবং ছবি ইত্যাদি প্রদান করবেন এবং পরিচালকগণ গবেষণায় ইচ্ছুক শিক্ষার্থীগণকে গবেষণা কাজ করার একটি অনুমতিপত্র প্রদান করবেন।

৪.৫। ছাত্র-ছাত্রী অথবা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক প্রস্তাবিত গবেষণা প্রকল্পে শিক্ষার্থী/শিক্ষকগণ সকল Publications এ Principal Author/Corresponding Author হবেন এবং বিসিএসআইআর-এর কোন গবেষণা প্রকল্পে যদি ছাত্র-ছাত্রীরা গবেষণা করে থাকে, তবে সেক্ষেত্রে Publication-সমূহে বিসিএসআইআর-এর বিজ্ঞানীগণ Principal Author/Corresponding Author হবেন।

৪.৬। ছাত্র-ছাত্রীদের Thesis কাজ সম্পাদনের জন্য বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক যদি কোন সম্মানী পান তবে বিসিএসআইআর-এর গবেষণা তত্ত্বাবধায়কও সম্মানী পাবেন। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.৭। গবেষণা কাজ সম্পন্ন করার সময় নির্ধারিত থাকবে এবং বিশেষ বিবেচনায় আবেদনের পরিপ্রেক্ষিতে যৌক্তিক কারণে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় বর্ধিত করা যেতে পারে।

৪.৮। গবেষণাগারে গবেষণা কাজে বিসিএসআইআর-এর গবেষণা তত্ত্বাবধায়ককে সংশ্লিষ্ট পরিচালক সার্বিক সহায়তা প্রদান নিশ্চিত করবেন।

৪.৯। পরিচালকগণ অবশ্যই বিসিএসআইআর-এর আর্থিক সংশ্লেষ না থাকার বিষয়টি নিশ্চিতকরত: অনুমতিপত্র প্রদান করবেন।

৪.১০। থিসিস/গবেষণা রিপোর্ট সংরক্ষণের জন্য বিসিএসআইআর লাইব্রেরীতে অন্তত: একটি কপি জমা প্রদান করতে হবে।

৫। **হেফাযত ও রহিতকরণ:**

৫.১। এই নীতিমালা কার্যকর হওয়ার তারিখ থেকে "বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে আগত Research Student দের বিসিএসআইআর এর বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের Research Co-guide হিসেবে কাজ করার নীতিমালা ২০০৯" বাতিল বলে গণ্য হবে।

৫.২। যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনে এই নীতিমালা সংশোধন/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।